



গভাকার খিলগাঁও বালিকা বিদ্যালয়ের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে কৃত্যব করেন

# রাজনীতি নয়-জ্ঞানার্জনই ছাত্র জীবনের লক্ষ্য হওয়া উচিত

—এরশাদ

প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ. এম. এরশাদ দেশে নারী শিক্ষার সুযোগ সুবিধার প্রসার ঘটানোর প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করিয়াছেন। বাসস জানায়, গতকাল (বুধবার) খিলগাঁও গার্লস হাইস্কুলের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে ভাষণদানকালে প্রেসিডেন্ট বলেন, দেশের জনসংখ্যার অর্ধেক নারী। তাহাদের অবশ্যই উপযুক্ত শিক্ষা পাইতে হইবে যাহাতে তাহাদের উন্নয়ন প্রচেষ্টার মূলধারায় সার্থকভাবে সংশ্লিষ্ট করা যায়।

তিনি ছাত্রীদের বিদেশী সংস্কৃতি পরিহার করিয়া আমাদের নিজস্ব সংস্কৃতি ও উত্তরাধিকারকে সমৃদ্ধ রাখার পরামর্শ দেন। তিনি বলেন, 'আমাদের মেয়েদের মধ্যে আমরা আমাদের মায়েরের সত্যিকারের প্রতিফলন দেখিতে চাই।' ঢাকা পৌর কর্পোরেশনের প্রশাসক মেজর জেনারেল মাহমুদুল হাসান এবং স্কুলের প্রধান শিক্ষক জনাব এম. এ. ইয়াকুব আলীও অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

প্রেসিডেন্ট এরশাদ বলেন ছাত্রজীবনের একমাত্র উদ্দেশ্য জ্ঞান অর্জন করা, রাজনীতি নয়। তিনি তাহাদের ভবিষ্যতে গুরুদায়িত্ব বহনের জন্য নিজেদের উপযুক্ত করিয়া তোলার মাধ্যমে পিতামাতা এবং দেশের স্বপ্ন বাস্তবায়িত করিতে বলেন।

### এরশাদ

(১ম পৃঃ পর)

সারও শিক্ষা প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন প্রেসিডেন্ট বলেন, 'ইহার প্রতি লক্ষ্য রাখিয়াই গত বছর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য তিনি অতিরিক্ত ৪৭ কোটি টাকা মঞ্জুর করিয়াছেন।

ইতিপূর্বে, প্রেসিডেন্ট এরশাদ ঢাকা পৌর কর্পোরেশনের দান করা জমির উপর কলেজ ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তিনি কিছুদিন পূর্বে এই এলাকায় পরিদর্শনে আসিয়া স্কুল ভবনের জন্য ১০ লক্ষ টাকা মঞ্জুরী কক্ষা ঘোষণা করেন। স্কুলের ছাত্রীদের বিচিত্রানুষ্ঠানের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। পরে প্রেসিডেন্ট ঢাকা পৌর কর্পোরেশনের নির্মাণাধীন খিলগাঁও বাজারের স্থান পরিদর্শন করেন।

ধর্মীয় শিক্ষার গুরুত্ব প্রসঙ্গে প্রেসিডেন্ট বলেন, ছাত্র-ছাত্রীদের তাহাদের প্রাত্যহিক জীবনে ধর্মের শিক্ষা এবং আদেশ অনুসরণ করিয়া চলা উচিত। এ প্রসঙ্গে তিনি বড়দের সহিত আচরণে শাসনীয়তা ও শিষ্টাচার রাখার জন্য তাহাদের উপদেশ দেন।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, সরকার উহার উন্নয়ন কর্মকৌশলে শিক্ষাকে অগ্রাধিকার দিয়াছেন। তিনি বলেন, সরকার ক্রমবর্ধমান ছাত্র-ছাত্রীদের (চাহিদা পূরণে)

(৮ম পৃঃ ৪-এর কঃ দঃ)